# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 18 April, 2025

চট্টগ্রাম নগরীর চকবাজার কাপাসগোলায় ব্যাটারি রিকশাসহ মা ও ছয় মাস বয়সী শিশু নালায় পড়ে যায়।ওই শিশুর মাকে উদ্ধার করা গেলেও শিশুটি পানির স্রোতে নিমিষেই হারিয়ে গেছে। খবর পেয়ে ফায়ার সার্ভিস সদস্যরা শিশুটিকে উদ্ধার করার কাজ অব্যাহত রেখেছে।শুক্রবার (১৮ এপ্রিল) রাত আটটার দিকে এই ঘটনা ঘটে।

ঘটনাস্থল থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের চন্দনপুরা ফায়ার স্টেশনের লিডার অলোক চাকমা বলেন, 'আমরা শিশুটিকে উদ্ধারে কাজ করছি।এখনও উদ্ধার করা যায়নি।

চট্টগ্রামে সর্বশেষ ২০২৩ সালের ২৭ আগস্ট মহানগরীর উত্তর আগ্রাবাদের রঙ্গিপাড়া এলাকায় একটি নালায় পড়ে এক শিশু নিখোঁজ হয়েছে।একই বছরের ৭ আগস্ট চট্টগ্রাম সিটি করপোরেশনের ১ নম্বর পাহাড়তলী ওয়ার্ডের ফতেহপুর ইসলামী হাট-সংলগ্ন বাদামতলা এলাকার নালায় পড়ে মৃত্যু হয় কলেজছাত্রী নিপা পালিতের (২০)।
এর আগে ২০২১ সালের ৩০ জুন মেয়র গলি এলাকায় চশমা খালে পড়ে অটোরিকশাচালক ও এক যাত্রীর মৃত্যু হয়।ওই বছরের ২৫ আগস্ট নগরীরর মুরাদপুরে চশমা খালে পা পিছলে পড়ে তলিয়ে যান সবজি বিক্রেতা ছালেহ আহমেদ।তাঁর মরদেহ আর পাওয়া যায়নি।

চট্টগ্রাম শিশু ফায়ার সার্ভিস রিকশা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:14

URL: https://www.timestodaybd.com/chittagong/9065391017